দৈনিক আমাদের সময়

তারিখ: 29 AUG 2017
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৭ ...

# প্রধান শিক্ষক নেই গোয়াইনঘাটের ২২ বিদ্যালয়ে

গোয়াইনঘাট প্রতিনিধি •

সিলেটের গোয়াইনঘাট উপজেলায় ৮৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ২২টিতেই নেই প্রধান শিক্ষক। এতে শ্রেণি কার্যক্রমের পাশাপাশি প্রধান শিক্ষকের দাপ্তরিক দায়-দায়িত্ব পালন করতে গিয়ে চাপে পড়ছেন সহকারী শিক্ষকরা। কোনো কোনো প্রতিষ্ঠানে প্রধান শিক্ষক ছাড়াই চলছে শিক্ষা কার্যক্রম। এতে ব্যাহত হচ্ছে পাঠদান। উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, গোয়াইনঘাট উপজেলায় মোট ১১৪টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। তার মধ্যে সদ্য জাতীয়করণ হয়েছে ২৯টি প্রাথমিক বিদ্যালয়। পুরাতন হিসেবে ৮৫টি বিদ্যালয় থাকলেও প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে ২২টি বিদ্যালয়ের। আর এসব প্রতিষ্ঠানে প্রধান শিক্ষক না থাকায় ভারপ্রাপ্ত হিসেবে দায়িত্ব পালন করছেন সহকারী শিক্ষকরা। সুতরাং ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করায় বাড়তি চাপ নিয়েই বেশিরভাগ সময় পার করছেন তারা প্রশাসনিক কাজে। তাই ওই বিদ্যালয়গুলোয় অনেকটাই ব্যাহত হচ্ছে পাঠদান। সানকী ভাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের (ভারপ্রাপ্ত) প্রধান শিক্ষক আর্জিনা আক্তার জানান, ২০১৪ সাল থেকে বিদ্যালয়টির প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। ২০১৫ সালের ফেব্রুয়ারি থেকে বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব তিনিই পালন করছেন। প্রধান শিক্ষকের দায়িত্বে থাকায় যে কোনো দাপ্তরিক কাজ তাকেই করতে হয়। এতে বিদ্যালয়ের শিক্ষার্থীদের নির্ধারিত ক্লাস নিতে পারছেন না তিনি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

মতামত/আদেশ

স্বাক্ষর